

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৮১

১. পবিত্রতা (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا بِذَلِكَ الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا الْحَسَنُ بْنُ أَبِي الرَّبِيعِ الْجُرْجَانِيُّ ، نَا عَبْدُ الرَّزَّاقِ ، أَنَا مَعْمَرُ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ الرِّيَاحِيِّ: " أَنَّ أَعْمَى تَرَدَّى فِي بِنُ وَالنَّبِيُّ _ مَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يُصلِّي بِأَصْحَابِهِ ، فَضَحِكَ بَعْضُ مَنْ كَانَ يُصلِّي مَعَ النَّبِيِّ _ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ مَنْ ضَحِكَ مِنْهُمْ أَنْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ مَنْ ضَحِكَ مِنْهُمْ أَنْ يُعِيدَ الْوُضُوءَ وَالصَّلَاةَ

বাংলা

৫৮১(৫). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আবুল আলিয়া আর-রিয়াহী (রহঃ) থেকে বর্ণিত। এক অন্ধলোক কৃপের মধ্যে পড়ে গেল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদেরকে নিয়ে নামায পড়ছিলেন। যারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে নামায পড়ছিল তাদের কতক লোক তাতে হেসে দিলো। তাদের মধ্যে যারা হেসেছিল তাদেরকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পুনরায় উযু করে নামায পড়ার নির্দেশ দিলেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবুল আলীয়া (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন